

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৭১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৬. দেহের অভ্যন্তর ভাগ থেকে, যেমন নাক দিয়ে রক্ত নিঃসরণ, বমন, রক্তমোণ ইত্যাদি ক্ষেত্রে উযু করা সম্পর্কে

بَابٌ فِي الْوُضُوءِ مِنَ الْخَارِجِ مِنَ الْبَدَنِ كَالرُّعَافِ وَالْقَيْءِ وَالْحِجَامَةِ وَنَحْوِهِ

## আরবী

حَدَّثَنَا أَبُو عُبَيْدِ الْقَاسِمُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا الْقَاسِمُ بْنُ هَاشِمِ السِّمْسَارُ ، نَا عُتْبَةُ بْنُ السَّكَنِ الْحِمْصِيُّ ، نَا الْأَوْزَاعِيُّ ، نَا عُبَادَةُ بْنُ نُسَيِّ ، وَهُبَيْرَةُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ ، قَالَا : نَا أَبُو أَسْمَاءَ الرَّحْبِيُّ ، نَا تَوْبَانُ ، قَالَ : كَانَ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ صَائِمًا فِي غَيْرِ رَمَضَانَ ، فَأَصَابَهُ غَمُّ أَذَاهُ ، فَتَقَيَّأَ فَقَاءَ ، فَدَعَانِي بِوَضُوءٍ فَتَوَضَّأً ، ثُمَّ صَائِمًا فِي غَيْرِ رَمَضَانَ ، فَأَصَابَهُ غَمُّ أَذَاهُ ، فَتَقَيَّأَ فَقَاءَ ، فَدَعَانِي بووضُوءٍ فَتَوَضَّأً ، ثُمَّ صَائِمًا فِي غَيْرِ رَمَضَانَ ، فَأَصَابَهُ غَمُّ أَذَاهُ ، فَتَقَيَّأَ فَقَاءَ ، فَدَعَانِي بووضُوءٍ فَتَوَضَّا ، ثُمَّ أَفْطَرَ . فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، أَفَرِيضَةُ الْوُضُوءُ مِنَ الْقَيْءِ ؟ قَالَ : " لَوْ كَانَ فَرِيضَةً لَوْطَرَ . فَقُلْتُ : " لَوْ كَانَ فَريضَةً لَوْصَانَ أَوْنَاعِيّ غَيْرُ عُلَامَ لَا اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ الْغَدَ ، لَوَجَدْتَهُ فِي الْقُرْآنِ " قَالَ : ثُمَّ صَامَ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا الْغَدَ ، فَسَمِعْتُهُ يَقُولُ : " هَذَا مَكَانُ إِفْطَارِي أَمْسِ " . لَمْ يَرْوِهِ عَنِ الْأُوزَاعِيِّ غَيْرُ عُتْبَةَ بْنِ السَّكَنِ ، وَهُوَ مُنْكَرُ الْحَدِيثِ

## বাংলা

৫৭১(৪১). আবু উবায়দ আল কাসেম ইবনে ইসমাঈল (রহঃ) ... ছাওবান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম রমযান মাস ব্যতীত অন্য মাসে রোযা রাখলেন, তিনি (একদিন) চিন্তাক্লিষ্ট হয়ে কষ্ট পেলেন। ফলে খাদ্য-পানীয় তাঁর মুখে চলে এলো এবং তিনি বমি করলেন। তিনি আমাকে পানি নিয়ে ডাকলেন, তিনি উযু করলেন এবং রোযা ভংগ করলেন। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! বমি করলে কি উযু করা ফরয? তিনি বলেন, যদি তা ফরয় হতো তবে তুমি কুরআনে তা পেতে। (রাবী) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম পরের দিন রোযা রাখলেন এবং আমি তাকে বলতে শুনলামঃ এটা গতকালের রোযার পরিবর্তে।

এই হাদীস আল-আওযাঈ (রহঃ) থেকে উতবা ইবনুস সাকান ব্যতীত আর কেউ বর্ণনা করেননি। তিনি প্রত্যাখ্যাত রাবী।



## হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন